

নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে নেট মিটারসহ রুফটপ সোলার সিস্টেম স্থাপন সংক্রান্ত বিদ্যুৎ বিভাগের নির্দেশনা

- ১। আবাসিক গ্রাহকগণের ক্ষেত্রে ভবনের ছাদে কমপক্ষে ১০০০ বর্গফুট জায়গা থাকলে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার প্যানেল স্থাপন করতে হবে। এক্ষেত্রে:
 - ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে কমপক্ষে ১ (এক) কিলোওয়াট (১০০০ ওয়াট) পিক ক্ষমতার নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে; এবং
 - খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) কিলোওয়াট (৩০০০ ওয়াট) পিক নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে।
- ২। শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের ক্ষেত্রে:
 - ক) ৮০ কিলোওয়াট পর্যন্ত লোড বরাদ্দ প্রাপ্ত গ্রাহকদের অনুমোদিত লোডের ১৫% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং পদ্ধতিতে স্থাপন করতে হবে;
 - খ) ৮০ কিলোওয়াট-এর অধিক এবং ৫০০ কিলোওয়াট পর্যন্ত লোড বরাদ্দ প্রাপ্ত গ্রাহকদের মোট অনুমোদিত লোডের ন্যূনতম ১২% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ (সর্বশেষ সংশোধিত) অনুসরণ করে স্থাপন করতে হবে,
 - গ) ৫০০ কিলোওয়াট-এর অধিক লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের ক্ষেত্রে গ্রাহকদের মোট অনুমোদিত লোডের ন্যূনতম ১০% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ (সর্বশেষ সংশোধিত) অনুসরণ করে স্থাপন করতে হবে।
- ৩। শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ও দাতব্য প্রতিষ্ঠানে সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে কমপক্ষে ১ (এক) কিলোওয়াট (১০০০ ওয়াট) পিক ক্ষমতার নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে এবং থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) কিলোওয়াট (৩০০০ ওয়াট) পিক নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে।
- ৪। সোলার প্যানেল স্থাপনের জন্য পর্যাপ্ত জায়গা না থাকলে সংস্থা/কোম্পানি প্রধানগণ ৩ (তিন) সদস্যের টিম গঠন করে সরেজমিন তদন্তপূর্বক বাস্তবতার নিরিখে সোলার প্যানেলের ক্ষমতা (Capacity) নির্ধারণ করে দিবেন।
- ৫। ইতোমধ্যে বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত গ্রাহকগণ যারা বরাদ্দকৃত লোড বৃদ্ধি করতে চান তাদেরকেও অতিরিক্ত অনুমোদিত লোডের উপর উল্লিখিত হার অনুযায়ী সোলার সিস্টেম স্থাপন করতে হবে।